বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।
WWW.bb.org.bd

এফ,ই সার্কুলার নং-০৫

বৈশাখ ১২, ১৪১৯
তারিখ ঃ ------------------
এপ্রিল ২৫, ২০১২

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংক ।

প্রিয় মহোদয়গণ,

**<u>বাংলাদেশ-মিয়ানমার এর মধ্যে বর্ডার ট্রেড এ্যারেঞ্জমেন্টের আওতায় আমদানি সংক্রান্ত সিডিউল E-5/P-5 ও রপ্তানি সংক্রান্ত সিডিউল A-3/O-3 সংশোধন প্রসংগে ।</u>**

বাংলাদেশ-মিয়ানমারের মধ্যে বর্ডার ট্রেড এ্যারেঞ্জমেন্টের আওতায় সম্পাদিত আমদানি-রপ্তানি রিপোর্টিং এর বিষয়ে GFET-2009, Vol-II এর Section 8(a) এবং Section 8(e) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। বাংলাদেশ-মিয়ানমারের মধ্যে বর্ডার ট্রেড লেনদেনের তথ্যসমূহ দেশের সামগ্রিক আমাদানি ও রপ্তানি সম্পর্কিত তথ্যের সাথে সমন্বিত করার লক্ষ্যে সিডিউল A-3/O-3 ও E-5/P-5 এর ছক-এ Quantity, Country, Commodity ও Category সংক্রান্ত তথ্যের ক্ষেত্রে কিছু পরিবর্তন আনা হয়েছে (কপি সংযুক্ত) ।

০৩। প্রতিটি শিপমেন্টের জন্য ইস্যুকৃত ফরেন ডিমান্ড ড্রাফট এবং এনক্যাশমেন্ট সার্টিফিকেটের তথ্যের সাথে কাষ্টমস, এক্সাইজ ও ভ্যাট, টেকনাফ শুল্ক স্টেশন, টেকনাফ, কক্সবাজার থেকে রিপোর্টিং মাসে প্রাপ্ত তথ্যাদির ম্যাচিং সম্পন্ন করে উক্ত তথ্যের ভিত্তিতে পরিবর্তিত ছক মোতাবেক সিডিউল A-3/O-3 ও E-5/P-5 এর সকল অংশ সঠিকভাবে পূরণ করে পৃথক সামারি স্টেটমেন্ট S-1 এর মাধ্যমে বিবরণীসমূহের ০১(এক) কপি বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম বরাবরে এবং ০২(দুই) কপি সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ে (যার এক কপি বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের পরিসংখ্যান বিভাগে দাখিলের জন্য) প্রেরণ করতে হবে ।

০৪। রিপোর্টিংকালে সামারি স্টেটমেন্ট S-1 এর শিরোনামে “FOR TRANSACTIONS IN ALL CURRENCIES (EXCLUDING ACU DOLLAR AND ACU EURO) UNDER BORDER TRADE ARRANGEMENT BETWEEN BANGLADESH AND MYANMAR” উল্লেখ করা ও উক্ত S-1 স্টেটমেন্টে সিডিউলের নাম সঠিকভাবে উল্লেখ করার নিমিত্তে “A-1/O-1” এর স্থলে “A-3/O-3” এবং “E-2/P-2” এর স্থলে “E-5/P-5” লিখতে হবে ।

০৫। বর্ণিত নির্দেশনা এপ্রিল ৩০, ২০১২ তারিখ ভিত্তিক রিপোর্টিং থেকে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি ঃ ১। সংশোধিত সিডিউল A-3/O-3
২। " সিডিউল E-5/P-5

(মোহাম্মদ গোলাম হায়দার)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৩৭৫

**SCHEDULE A-3/O-3**
**(Export Receipts under Bangladesh-Myanmar Border Trade Arrangement)**

Period ______________________________________

Name of the Authorised Dealer __________________________

Currency ______________________________

| Sl. No. | Draft No. and date | QUANTITY | | | AMOUNT | | | | CODE NUMBER | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | UNIT | UNIT CODE | VOLUME | Cr. | Lac | Th. | Unit | Country of destination | Commodity |
| | | | | | | | | | | |

Date: Official seal Signature:
Stamp with name, designation & Phone no.

## SCHEDULE E-5/P-5
## (Import Payments under Bangladesh-Myanmar Border Trade Arrangement)

Period ____________________________________________

Name of the Authorised Dealer ______________________

Currency ___________________________

| Sl. No | Draft No. and date | QUANTITY | | | AMOUNT | | | | CODE NUMBER | | Category |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | UNIT | UNIT CODE | VOLUME | Cr. | Lac | Th. | Unit | Country of origin | Commodity | |
| | | | | | | | | | | | |



Date: Official seal Signature:

Stamp with name, designation & Phone no.